গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
২৩২/১ তেজগাঁও শি/এ, ঢাকা।
www.bnfe.gov.bd

স্মারক নং: ৩৮.০০.০০০০.৩০২.২০.২২২.২৫- ১১১

তারিখ: ২২ চৈত্র ১৪৩২ / ০৫ এপ্রিল ২০২৬

প্রেরক: উপ-পরিচালক (অর্থ ও বাজেট)
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
২৩২/১, তেজগাঁও শি/এ, ঢাকা।

প্রাপক : ১। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স এর কার্যালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সচিবালয় ভবন, ৩য় ফেইজ (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
২। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার/উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ১০টি জেলা/উপজেলা (তালিকা সংযুক্ত)।

বিষয় : চলতি ২০২৫-২০২৬ অর্থবছরের উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো কার্যালয়সমূহের অনুকূলে বরাদ্দকৃত অর্থ হতে ১০ টি উপজেলায় কর্মরত কর্মকর্তা এবং কর্মচারীদের বেতন ভাতাদিসহ অন্যান্য খাতে ১৫,৮২,১০০.০০ (পনের লক্ষ বিরাশি হাজার একশত মাত্র) টাকা অর্থ বরাদ্দের মঞ্জুরী জ্ঞাপন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলতি ২০২৫-২০২৬ অর্থবছরের উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর কার্যালয়সমূহের অনুকূলে ২৬,৭৮,৩০.০০০ (ছাব্বিশ কোটি আটাত্তর লক্ষ ত্রিশ হাজার মাত্র) হাজার টাকার সংশোধিত বাজেট বিভাজন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় হতে পাওয়া যায়। উক্ত বরাদ্দকৃত হতে ৪৩৬ জন উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা কর্মকর্তার অনুকূলে চলতি অর্থ বছরে জুলাই'২০২৫ হতে জুন'২০২৬ পর্যন্ত সময়ে কর্মচারীদের বেতন ভাতাদিসহ অন্যান্য খাতের ব্যয় নির্বাহের জন্য মোট ৯,৪৪,৭৩,০৬০.০০ (নয় কোটি চুয়াল্লিশ লক্ষ তিয়াত্তর হাজার ষাট মাত্র) টাকা বরাদ্দের অর্থ মঞ্জুরী প্রদান করা হয়েছে। বর্তমানে ১০ টি উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা কর্মকর্তার অনুকূলে চলতি অর্থবছরের অক্টোবর'২০২৫ হতে জুন'২০২৬ পর্যন্ত সময়ের কর্মকর্তা এবং কর্মচারীদের বেতন ভাতাদিসহ অন্যান্য খাতের ব্যয় নির্বাহের জন্য ১৫,৮২,১০০.০০ (পনের লক্ষ বিরাশি হাজার একশত মাত্র) টাকা বরাদ্দের অর্থ মঞ্জুরী নির্দেশক্রমে জারী করা হলো।

ব্যয়ের শর্তাবলী:-

১. এই অর্থ প্রাতিষ্ঠানিক কোড ১২৪০৩০৩-উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর কার্যালয়সমূহ, অপারেশন কোড ১২৪০৩০৩০০০০০০- উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর কার্যালয়সমূহের অনুকূলে চলতি ২০২৫-২০২৬ অর্থ বছরে বরাদ্দকৃত অর্থ হতে উপরিল্লিখিত খাতসমূহ বরাদ্দ দেয়া হলো এবং সে অনুযায়ী ব্যয় করতে হবে।

২. চলতি ২০২৫-২০২৬ অর্থ বছরের মধ্যে উপরে বর্ণিত খাতের বিপরীতে বরাদ্দকৃত অর্থ খরচ করা যাবে। তবে কোন অবস্থাতেই বরাদ্দের অতিরিক্ত বা এক খাতের টাকা অন্য খাতে ব্যয় করা যাবে না। বিদ্যমান আর্থিক বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৩. এ অর্থ খরচ করার ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা কর্মকর্তা আয়ন ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন এবং যে কোন ত্রুটিপূর্ণ ব্যয়ের জন্য তিনি ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

C:\Users\BNFE\Desktop\উপজেলা\উপজেলায় বাজেট ২০২৫-২৬ প্রেরিত চিঠি.docx

৪. ২০২৫-২৬ অর্থবছরে প্রেরিত বাজেটের বিপরীতে সব বিল একাউন্টিং সফট্ওয়্যারের মাধ্যমে করতে হবে এবং আইবাস++ এর ব্যয়ের রিপোর্টের সাথে সফট্ওয়্যারের ব্যয়ের রিপোর্টের মিল থাকতে হবে। যদি কোন প্রকার ত্রুটি/হিসাবের গড়মিল পাওয়া যায় তাহলে সংশ্লিষ্ট উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

৫. এখন থেকে আর কোন প্রকার ব্যয় বিবরনী ও বাজেট চাহিদার হার্ডকপি উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে না।

৬. প্রতিমাসের ব্যয়িত টাকার হিসাব বিবরণী পরবর্তী মাসের <u>৫ তারিখের মধ্যে একাউন্টিং সফট্ওয়্যারের মাধ্যমে প্রধান কার্যালয়ে প্রাপ্তি নিশ্চিত করতে হবে।</u>

৭. ব্যয়িত টাকার সমর্থনে রেভিনিউ স্ট্যাম্পের উপর (প্রযোজ্য ক্ষেত্রে) স্বাক্ষরযুক্ত ভাউচারসমূহ ভবিষ্যৎ নিরীক্ষার জন্য যত্নসহকারে সংরক্ষণ করতে হবে। প্রধান কার্যালয়ে প্রয়োজনে যে কোন সময় ভাউচারসমূহ তলব করা হতে পারে। কাজেই ভাউচারসমূহ এমনভাবে সংরক্ষণ করতে হবে যাতে স্বল্প সময়ের নোটিশে তা অত্র কার্যালয়ে দাখিল করা যায়।

৮. একাউন্টিং সফট্ওয়্যারে মাধ্যমে প্রতিমাসের বেতনভাতাদি পরবর্তী মাসের বেতনভাতাদি খাতে এন্ট্রি দিতে হবে (জুন/২৬ এর বেতনভাতাদি জুলাই/২৬ এ এন্ট্রি দিতে হবে)।

আহসান হাবীব ০৫/০৪/২০২৬
(আহসান হাবীব)
উপ-পরিচালক (অর্থ ও বাজেট)

স্মারক নং: ৩৮.০০.০০০০.৩০২.২০.২২২.২৫- ১১১ (০৫)

তারিখ: ২২ চৈত্র ১৪৩২
০৫ এপ্রিল ২০২৬

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল :</u>

১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। উপপরিচালক (সকল) প্রধান কার্যালয় উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
৩। সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, মানিকগঞ্জ, গাজীপুর, নারায়ণগঞ্জ, নরসিংদি,কিশোরগঞ্জ, শেরপুর, রাঙামটি, দিনাজপুর, ঝালকাঠি ও সুনামগঞ্জ জেলা।
৪। সহকারী প্রোগ্রামার, উশিব্যু, (বরাদ্দপত্রটি ব্যুরোর ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫। উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা কর্মকর্তা, দৌলতপুর, শ্রীপুর, আড়াইহাজার, মনোহরদী, হোসেনপুর, শেরপুর সদর, কাপ্তাই, বোচাগঞ্জ, রাজাপুর ও বিশ্বম্ভরপুর উপজেলা।
৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

আহসান হাবীব ০৫/০৪/২০২৬
(আহসান হাবীব)
উপ-পরিচালক (অর্থ ও বাজেট)

শত টাকায়

## ১০ টি উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর ২০২৫-২০২৬ অর্থবছরের বাজেট (অক্টোবর/২৫ - জুন/২৬)

| জেলার নাম | উপজেলার নাম | উপজেলা কোড | মূল বেতন (অফিসার) | মূল বেতন (কর্মচারী) | শিক্ষা ভাতা | পাহাড়ি ভাতা | বাড়ী ভাড়া ভাতা | চিকিৎসা ভাতা | টিফিন ভাতা | ধোলাই ভাতা | উৎসব ভাতা | বাংলা নববর্ষ ভাতা | বিশেষ সুবিধা | অন্যান্য মনিহারি | পরিষ্কার পরিচ্ছন্নতা সামগ্রী | ইন্টারনেট/ফ্যাক্স/টেলেক্স | ডাক | বইপত্র সাময়িকী | বদলী ব্যয় | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ৩১১১১০১ | ৩১১১২০১ | ৩১১১৩০৬ | ৩১১১৩০৯ | ৩১১১৩১০ | ৩১১১৩১১ | ৩১১১৩১৪ | ৩১১১৩১৬ | ৩১১১৩২৫ | ৩১১১৩৩৫ | ৩১১১৩৫২ | ৩২৫৫১০৫ | ৩২১১১০২ | ৩২১১১১৭ | ৩২১১১১৯ | ৩২১১১২৭ | ৩২৪৪১০২ | (শত টাকায়) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ |
| মানিকগঞ্জ | দৌলতপুর | ৭ | ১২৫০ | | ৩০ | | ৫০০ | ৪৫ | | | ৪২০ | ৮৪ | ২৫০ | ৪০ | ৩০ | ৩০ | ১০ | ২৫ | ১৫০ | ২৮৬৪ |
| গাজীপুর | শ্রীপুর | ১৭ | ১৩৬৯ | | ৩০ | | ৫৪৮ | ৪৫ | | | ৪৫৭ | ৯২ | ২৮০ | ৪০ | ৩০ | ৩০ | ১০ | ২৫ | ১৫০ | ৩১০৬ |
| নারায়ণগঞ্জ | আড়াইহাজার | ২৬ | ১৪৩৭ | | ৩০ | | | ৪৫ | | | ৪৭৯ | ৯৫ | ২৮৭ | ৪০ | ৩০ | ৩০ | ১০ | ২৫ | ১৫০ | ২৬৫৮ |
| নরসিংদি | মনোহরদী | ৩০ | ১৩৬৯ | | ৩০ | | | ৪৫ | | | ৪৫৭ | ৯২ | ২৮০ | ৪০ | ৩০ | ৩০ | ১০ | ২৫ | ১৫০ | ২৫৫৮ |
| কিশোরগঞ্জ | হোসেনপুর | ৫৯ | | ১৩১৭ | | | ৬৮৭ | ২২৫ | ৩০ | ৮ | ৩৫১ | ৩৬ | ২২৫ | ২৭ | | | | | | ২৯০৬ |
| শেরপুর | শেরপুর সদর | ১০৫ | | | ৬৫ | | | | | | | | | | | | | | | ৬৫ |
| রাঙামাটি | কাপ্তাই | ১৬৪ | | ৬১৯ | | ১২৪ | ৩৩৮ | ১১৩ | ১৫ | ৮ | ১৬৫ | ১৭ | ১১৩ | ২০ | | | | | | ১৫৩২ |
| দিনাজপুর | বোচাগঞ্জ | ৩৩১ | | | ৪০ | | | | | | | | | | | | | | | ৪০ |
| ঝালকাঠি | রাজাপুর | ৪৩৮ | | | | | | | | | | | | ২৭ | | | | | | ২৭ |
| সুনামগঞ্জ | বিশ্বম্ভরপুর | ৪৮৯ | | | ৬৫ | | | | | | | | | | | | | | | ৬৫ |
| | মোট | | ৫৪২৫ | ১৯৩৬ | ২৯০ | ১২৪ | ২০৭৩ | ৫১৮ | ৪৫ | ১৬ | ২৩২৯ | ৪১৬ | ১৪৩৫ | ২৩৪ | ১২০ | ১২০ | ৪০ | ১০০ | ৬০০ | ১৫৮২১ |

মোঃ নুরুল আলম
হিসাবরক্ষক
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

আহসান হাবীব
উপপরিচালক (অর্থ ও বাজেট)
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়